



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০০৫.২০২০. ৪৬৯


তারিখ ৩৯/০৬/২০২২খ্রি.

বিষয় : নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ এর পরিত্যক্ত ঘোষিত ভবনসমূহের নিলামে প্রাপ্ত সর্বোচ্চ মূল্য অনুমোদন সংক্রান্ত।

সূত্র : কলেজের স্মারক নং-২০২/নসক/২০২২, তারিখ : ০৯/০৫/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ এর অধ্যক্ষ তাঁর কলেজে পরিত্যক্ত ঘোষিত (পুরাতন ও নতুন) ভবন দুটি সর্বোচ্চ নিলাম মূল্য ৪,৬০,০০০/-টাকা অনুমোদনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে আনুষঙ্গিক কাগজপত্রাদিসহ আদেদনপত্র দাখিল করেছেন। গত ২৭/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত জেলা কনডেমনেশন কমিটি কর্তৃক নিলাম মূল্যায়ন সভায় পরিত্যক্ত ঘোষিত ভবন দুটি নিলাম বিক্রিতে জনাব মোঃ সাকিবুর রহমান, পিতা- মোঃ এনামুল হক, গ্রাম-বোয়ালিয়া, ডাকঘর-বোয়ালিয়া, নওগাঁ সদর, নওগাঁ-কে সর্বোচ্চ দরদাতা হিসেবে নির্বাচিত করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের ০৮/১২/২০১৪ তারিখের নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭.১০১২ সংখ্যক পরিপত্রের অনুচ্ছেদ-৭(খ) এর মোতাবেক এবং জেলা কনডেমনেশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে উক্ত পরিত্যক্ত ঘোষিত ভবন দুটি সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রাপ্ত নিলাম মূল্য যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুমোদন করা হলো। উল্লিখিত নিলাম সংক্রান্ত পরবর্তী কার্যক্রম সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ প্রচলিত বিধি মোতাবেক সম্পন্ন করবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক (কলেজ-২)

ফোন : ৯৫৬০২৬৩

✓ অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। উপসচিব (উন্নয়ন-৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, নওগাঁ ও সভাপতি স্থানীয় কনডেমনেশন কমিটি
- ৪। নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নওগাঁ
- ৫। জনাব মোঃ সাকিবুর রহমান, পিতা- মোঃ এনামুল হক, গ্রাম-বোয়ালিয়া, ডাকঘর-বোয়ালিয়া
নওগাঁ সদর, নওগাঁ
- ৬। সংরক্ষণ নথি।